

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
খাসজমি-১ অধিশাখা  
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪০.৪১.০৬০.২৪-

তারিখ : \_\_\_\_\_  
আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদান।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নম্বর-৩১.৪৩.৮৮০০.০১৮.০১.০০৪.১৩-৫২৮; তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রস্তাব ও সুপারিশের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ভট্টগাড়াহ মৌজার আরএস-১ নম্বর খতিয়ানভুক্ত ৬১৪ নম্বর দাগের ০.১৬ (শূন্য দশমিক এক ছয়) একর অকৃষি খাসজমির ধার্যকৃত ১৬,৮৯,৫৫২/- (ষোল লক্ষ উননব্বই হাজার পাঁচশত বায়ান্ন) টাকা সেলামি আদায়সাপেক্ষে “অকৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা-১৯৯৫ অনুযায়ী “জনাব মো: আক্লাস আলী, পিতা-মৃত ময়েন উদ্দিন, গ্রাম-গাড়াহ, উপজেলা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ”-এর অনুকূলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত শর্তে উক্ত জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (ক) বর্ণিত জমি যে উদ্দেশ্যে বন্দোবস্ত প্রদান করা হয়েছে তা বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;
- (খ) অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত সংক্রান্তে সময়-সময় জারিকৃত সরকারি আইন/অধ্যাদেশ/আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) নির্দিষ্ট সময়ের মধ্যে জমির সেলামিমূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় বন্দোবস্ত বাতিল বলে গণ্য হবে;
- (ঘ) বন্দোবস্ত গ্রহণের পর কোনো প্রয়োজনীয় তথ্য গোপন রাখা বা শর্ত ভঙ্গের ঘটনা প্রকাশ হলে বন্দোবস্ত অনুমোদনকারী কর্তৃপক্ষ বন্দোবস্ত বাতিল ও প্রদত্ত মূল্য বাজেয়াপ্ত করতে পারবে;
- (ঙ) লিজ দলিলের কোনো শর্ত ভঙ্গ করলে বা অমান্য করলে এই বন্দোবস্ত বন্দোবস্ত-দাতা লিখিতভাবে একতরফা বাতিল করতে পারবে;
- (চ) দীর্ঘমেয়াদি বন্দোবস্তকৃত অকৃষি খাসজমির জন্য জেলা প্রশাসক আলাদা একটি খতিয়ান খুলবেন। সে খতিয়ানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে জেলা প্রশাসকের নাম এবং জেলা প্রশাসকের নামের নিচে বন্দোবস্ত প্রাপকের নাম লিপিবদ্ধ করতে হবে। তাছাড়া, বন্দোবস্তের মেয়াদ আরম্ভ ও শেষ হওয়ার তারিখ লিপিবদ্ধ থাকবে। এই দীর্ঘমেয়াদি বন্দোবস্তের ফলে বন্দোবস্ত গ্রহীতাকে সংশ্লিষ্ট জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে;
- (ছ) বন্দোবস্তকৃত জমি সম্পর্কে উদ্ভূত যে কোনো বিতর্কিত বিষয়ে সরকারি সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- (জ) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০-এর ১০৪ অনুচ্ছেদ অনুসারে অকৃষি খাস জমির দীর্ঘমেয়াদি লিজচুক্তি বাংলাদেশ ফরম নম্বর ১০৮৮-গ অনুযায়ী সম্পাদন করতে হবে এবং ১০৫ অনুচ্ছেদ অনুযায়ী এই লিজ চুক্তি ৩০ বছরের জন্য সম্পাদিত হবে। যা ৯৯ বৎসর পর্যন্ত নবায়ন করার অধিকার থাকবে; এবং
- (ঝ) ১৪/০৯/২০০৫ তারিখের ভূ:ম:/শা-৮/খাজব/৫০৩/২০০৫/৭৭৫(৬৪) নম্বর স্মারক অনুযায়ী এ মঞ্জুরিপত্র জারির ৯০ (নব্বই) কর্মদিবসের মধ্যে বন্দোবস্তকৃত জমির সেলামির অর্থ আদায়, লিজ দলিল সম্পাদন ও রেজিস্ট্রি এবং জমির দখল হস্তান্তর করতে হবে।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

২। দীর্ঘমেয়াদি বন্দোবস্ত কেস নম্বর-১/২০২২-২৩ অজেপ্র(রা:)কেস নম্বর ৯০/XII/২০২৩-২৩-এর মূল নথি এইসঙ্গে প্রেরণ করা হলো।

৩। এ অবস্থায়, বন্দোবস্ত কার্যক্রম সম্পাদনপূর্বক ভূমি মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: মূল কেস রেকর্ড .....পাতা।

স্বাক্ষরিত

(মোঃ আমিনুর রহমান)

উপসচিব

ফোন: +৮৮-০২-৫৫১০০৬০১

ই-মেইল : [khas1@minland.gov.bd](mailto:khas1@minland.gov.bd)

জেলা প্রশাসক  
সিরাজগঞ্জ।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪০.৪১.০৬০.২৪-২২০/২ (ন)

তারিখ : ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতা অনুসারে নয়)।

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


৪। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৫। সহকারী কমিশনার (ভূমি), শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৬। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

✓ ৭। জনাব মো: আক্বাস আলী, পিতা-মৃত ময়েন উদ্দিন, গ্রাম-গাড়াদহ, উপজেলা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ।

৮। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ আমিনুর রহমান)  
উপসচিব